দৈনিক সংবাদ

তারিখ ... 11 MA. 1990
পৃষ্ঠা ... 7 কলাম ... 1

30

## এসএসসি পরীক্ষার প্রথম দিন

# ৪২৩২ জন পরীক্ষার্থী ও ১৫ জন শিক্ষক বহিষ্কৃত

(নিজস্ব বার্তা পরিবেশক)

দেশের চারটি শিক্ষা বোর্ডের অধীনে চলতি বছরের এস এস সি পরীক্ষা গতকাল বৃহস্পতিবার থেকে শুরু হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত জানা গেছে, নকল করার দায়ে মোট ৪ হাজার ২শ' ৩২ জন ছাত্রছাত্রীকে এবং নকলে সহযোগিতার দায়ে ১৫ জন শিক্ষককে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করা হয়েছে। নকলকে কেন্দ্র করে চট্টগ্রাম ও কুমিল্লায় জনতা-পুলিশ সংঘর্ষ হয়েছে।

নকল সরবরাহের অভিযোগে গ্রেফতারকৃতদের সংখ্যা ২৩। প্রবেশপত্র না পাওয়াসহ স্কুল কর্তৃপক্ষের জটিলতার কারণে গতকাল পরীক্ষার প্রথমদিন ১শ' ৭৭ জন ছাত্রছাত্রী পরীক্ষা দিতে পারেনি। এসব খবর আমাদের নিজস্ব প্রতিনিধিবৃন্দ এবং ঢাকা বোর্ড সূত্রে পাওয়া গেছে। গতকাল ছিল বাংলা প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষা।

ঢাকা বোর্ড সূত্রে জানা গেছে, নকলের দায়ে নরসিংদীতে ৭৯ জন, ফরিদপুরে ৫৯ জন, রাজবাড়ীতে ৮ জন, কিশোরগঞ্জে ৩শ' ৫৪ জন, জামালপুরে ১শ' ২৭ জন ও শেরপুরে ১শ' ৩৯ জন ছাত্রছাত্রী এবং নকলে সহযোগিতার দায়ে ফরিদপুরে ৪ জন, গোপালগঞ্জ ও কিশোরগঞ্জে ২ জন করে শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।

আমাদের সংবাদদাতারা জানান, নকলের দায়ে টাঙ্গাইলে ২শ' ৭ জন, নারায়ণগঞ্জে ৩৩ জন, গফরগাঁওয়ে ৫৭ জন, লক্ষ্মীপুরে ৩১ জন, মুন্সীগঞ্জে ৩৮ জন, ময়মনসিংহে ২শ' ১৫ জন, বরগুনায় ৩৫জন, চাঁদপুরে ৯৪ জন, গাজীপুরে ৪৩ জন, ব্রাহ্মণবাড়িয়ায় ৮৭ জন, রংপুরে ২শ' ২২জন, ঈশ্বরদীতে ৮ জন, কুমিল্লায় ৪শ' ৫২ জন, বরিশালে ৪৯ জন, চট্টগ্রামে ৫১ জন, ঝিনাইদহে ১০ জন, মাদারীপুরে ৪৯ জন, সাভারে ১জন, কুষ্টিয়ায় ৪৪ জন, পটুয়াখালীতে ৩৩ জন, নওগাঁয় ৩১ জন, দাউদান্দিতে ৭৪ জন ও মানিকগঞ্জে ৩৮ জন ছাত্রছাত্রীকে এবং সহযোগিতার দায়ে গফরগাঁওয়ে ৩ জন, লক্ষ্মীপুরে ৩ জন শিক্ষককে বহিষ্কার ও ১ জন পিয়নকে গ্রেফতার করা হয়েছে।

রাজশাহী থেকে জেলা বার্তা পরিবেশক জানান, রাজশাহী বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষার প্রথম দিন শান্তিপূর্ণভাবেই শেষ হয়েছে।

বোর্ডের অধীনে ১৬টি জেলার মধ্যে এ পর্যন্ত প্রাপ্ত খবর অনুযায়ী ১৪টি জেলার ৭১টি কেন্দ্রে মোট ১ হাজার ৫শ' ৪৩ জনকে নকল করার দায়ে বহিষ্কার করা হয়েছে।

এর মধ্যে চাঁপাই নবাবগঞ্জের ৫টি কেন্দ্রে ৫১, পঞ্চগড়ে ১টি কেন্দ্রে ৩০

( ৭-এর পাতায় দেখুন )